মুজিবনগরে গুডনেইবারর্স এর আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস পালিত

‘কাঙ্ক্ষিত শিক্ষার জন্য শিক্ষক শিক্ষক স্বল্পতা পূরণ বৈশ্বিক অপরিহার্যতা’ এ প্রতিপাদ্য নিয়ে মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস – ২০২৩ পালিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে দিবসটি উপলক্ষে গুডনেইবারর্স এর হল রুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম)এস.এম রিফাত আল মাহমুদ সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন।

বিশেষে অতিথি হিসাবে উপস্হিত ছিলেন,মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ।উপস্হিত থেকে বক্তব্য রাখেন, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলাম,আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর প্রধান শিক্ষক আব্দুস সালাম।

আলোচনা সভায় বক্তারা,বিশ্ব শিক্ষক দিবস মর্যাদার সাথে উদযাপন করা।শিক্ষক দিবসের উদ্দেশ্য ও তাৎপর্য সম্পর্কে সচেতনতা সৃষ্টি।পেশার গুরুত্ব, মৌলিকতা ও মহানুভবতা, শিক্ষকদের মধ্যে ইতিবাচক উদ্দীপনা সৃষ্টি করা,দিবস উদযাপনের উদ্দেশ্য ও তাৎপর্য, শিক্ষার উন্নয়নে শিক্ষকদের ভূমিকা, মানুষ তৈরির কারিগর হিসেবে একজন আদর্শ শিক্ষকের বৈশিষ্ট্য এবং প্রযুক্তির ব্যবহার শিক্ষকদের আরো বেশি আধুনিক করতে বিশেষ ভূমিকা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।বিশ্ব শিক্ষক দিবস উদযাপনের আলোচনা সভায় গুডনেইবারর্স এর ৭ টি পার্টনার স্কুলের শিক্ষকবৃন্দ আংশগ্রহন করেন।